দৈনিক ইত্তেফাক

তারিখ ... ২৬ DEC 1988 ...
পৃষ্ঠা ... ৪ ...

# চাঁদপুরে প্রাথমিক শিক্ষকের ১১১টি পদ শূন্য

চাঁদপুর সংবাদদাতা জানান, চাঁদপুর জেলার ৭টি উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের একশত ১১টি পদ শূন্য থাকায় ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া ব্যাহত হইতেছে। চাঁদপুর সদর উপজেলায় ১৩টি প্রধান শিক্ষকের পদসহ শিক্ষকের ৩৩টি পদ, মতলব উপজেলায় ১১টি প্রধান শিক্ষকের পদসহ শিক্ষকের ৩৯ টি পদ, শাহরাস্তি উপজেলায় প্রধান শিক্ষকের ৪টি পদসহ শিক্ষকের ৬টি পদ, কচুয়ায় ৩টি প্রধান শিক্ষকের পদসহ শিক্ষকের ৪টি পদ, ফরিদগঞ্জে ৬টি প্রধান শিক্ষকের পদসহ শিক্ষকের ২২টি পদ, হাইমচরে ২টি প্রধান শিক্ষকের পদসহ শিক্ষকের ৬টি পদ এবং হাজীগঞ্জে প্রধান শিক্ষকের ১টি পদ খালি রহিয়াছে। ইহাছাড়া ঝড়ে বিধ্বস্ত বিভিন্ন বিদ্যালয় পুনঃ নির্মাণের অভাব এবং অনেক স্কুলে প্রয়োজনীয় আসবাবপত্র ও শিক্ষা উপকরণের অভাবে লেখাপড়া বিঘ্নিত হইতেছে।